গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মরণ কুমার চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিবের রুটিন দায়িত্বে) |
| সভার তারিখ ও সময় | : | ২৮ মার্চ ২০২২, সোমবার, বেলা ২:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | জুম প্ল্যাটফর্ম |

**সভার আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্থানীয় সরকার বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ সভায় তুলে ধরেন এবং গত ২৯ ডিসেম্বর ২০২১ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাসহ সভার আলোচ্যসূচি অনুযায়ী সভাটি পরিচালনা করার জন্য শুদ্ধাচার বিষয়ক এ বিভাগের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব (সিটি কর্পোরেশন-১) কে আহ্বান করেন।

২. সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সিটি কর্পোরেশন-১) জনাব মোহাম্মদ শামছুল ইসলাম গত ২৯ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। কোনরূপ সংশোধনী না থাকায় ২য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্তসমূহ Confirm (দৃঢ়ীকরণ) করা হয়। তিনি ২য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্তগুলোর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে পর্যায়ক্রমে সভাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অনুরোধ জানান।

৩. রংপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ রুহুল আমিন মিঞা জানান, রংপুর সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামো অনুমোদনের বিষয়ে অর্থ বিভাগে নথি উপস্থাপন করা হয়েছে মর্মে যোগাযোগ করে জানা গিয়েছে। ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ ইউসুফ আলী জানান, তাদের অর্গানোগ্রাম অনুমোদনের বিষয়ে অর্থ বিভাগ হতে কিছু তথ্য চাওয়া হয়েছিল। অর্থ বিভাগের চাহিত তথ্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগ হতে অর্থ বিভাগে পুনরায় প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগে বর্তমানে এটি অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে।

৪. উপসচিব (সিটি কর্পোরেশন-১) জনাব মোহাম্মদ শামছুল ইসলাম জানান, চলতি ২০২১-২২ অর্থ বছরের উন্নয়ন সহায়তা বরাদ্দের ২য় কিস্তির অর্থ সকল সিটি কর্পোরেশনের অনুকূলে ছাড় করা হয়েছে। যথাসময়ে পরবর্তী কিস্তির অর্থ ছাড় করা হবে।

৫. রংপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জানান রংপুর সিটি কর্পোরেশনে হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স, জন্ম-মৃত্যু নিবন্ধন সনদ অনলাইনে প্রদানের কার্যক্রম শুরু হয়েছে। ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, তাঁর সিটি কর্পোরেশন হতে ট্রেড লাইসেন্স ও জন্ম-মৃত্যু নিবন্ধন সনদ অনলাইনে প্রদান করা হচ্ছে এবং হোল্ডিং ট্যাক্স এসেসমেন্ট কার্যক্রম ডিজিটালাইজড করা হয়েছে। খুব শীঘ্রই অনলাইনে হোল্ডিং ট্যাক্স প্রদান সুবিধাটি চালু করা হবে মর্মে তিনি জানান।

৬. খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা লস্কার তাজুল ইসলাম জানান খুলনা সিটি কর্পোরেশনে জন্ম-মৃত্যু নিবন্ধন সনদ অনলাইনে প্রদান করা হচ্ছে। হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স অনলাইনে প্রদানের কার্যক্রম ১টি ওয়ার্ডে পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে। খুব শীঘ্রই সকল ওয়ার্ডে অনলাইনে হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স জমা প্রদানের কার্যক্রম শুরু হবে।

৭. জনাব মোঃ এরশাদুল হক, যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে কার্যক্রমসমূহের বিপরীতে প্রয়োজনীয় Documentation/প্রমাণক বিষয়ে দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে আগামী এপ্রিল ২০২২ মাসে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা যেতে পারে।

৮. জনাব এ এইচ এম কামরুজ্জামান, যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) জানান, স্থানীয় সরকার বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী ১০০টি PSC এবং ১০টি PIC কমিটির সভা আয়োজনের টার্গেট নির্ধারণ করা হয়েছিল। টার্গেট অনুযায়ী ইতোমধ্যে ২য় কোয়ার্টার পর্যন্ত ৫০টি PSC এবং ৫টি PIC কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং প্রতিবেদন এবিভাগের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করা হয়েছে। মার্চ মাস শেষে ৩য় কোয়ার্টারের টার্গেট অনুযায়ী অনুষ্ঠিত সভার প্রতিবেদন প্রেরণ করা হবে।

৯. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী সেখ মোহাম্মদ মহসিন সভায় জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের চূড়ান্ত বিলের সাথে স্থিরচিত্র সংযোজন নিশ্চিত করার লক্ষ্যে সকল কার্যালয়কে নির্দেশনা প্রদান করা হয়েছে। এলজিইডিতে অনলাইন প্রজেক্ট মনিটরিং সফটওয়্যার চালু করা হয়েছে। এটির সাহায্যে সারাদেশে মাঠ পর্যায়ে এলজিইডি কর্তৃক চলমান প্রায় সকল প্রকল্প ও স্কীমের কার্যক্রম মনিটরিং করা হচ্ছে।

১০. রাজশাহী ওয়াসার উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব এস এম তুহিনুর আলম জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী রাজশাহী ওয়াসা কর্তৃক নির্ধারিত সংখ্যক PSC এবং PIC কমিটির সভা যথাসময়ে অনুষ্ঠিত হচ্ছে এবং প্রকল্পের আওতায় সম্পন্ন কাজের চূড়ান্ত বিলের সাথে স্থিরচিত্র সংযোজনের বিষয়টিও নিশ্চিত করা হচ্ছে।

১১. জনাব এ এইচ এম কামরুজ্জামান, যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) জানান, গত ২০২০-২১ অর্থ বছরের জুন মাসে সমাপ্ত হওয়া প্রকল্পসমূহের যান-যন্ত্রপাতি, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদির হস্তান্তর সংক্রান্ত প্রতিবেদন ও তথ্যাদি সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা হতে সংগ্রহ করে ডিসেম্বর ২০২১ মাসে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। চলতি ২০২১-২২ অর্থ বছরের জুনে সমাপ্ত হওয়া প্রকল্পের এ বিষয়ক তথ্যাদিও যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।

১২. জনাব আবু মোঃ মহিউদ্দিন কাদেরী, যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) জানান, প্রকল্পের মেয়াদ জুন মাসে সমাপ্ত হওয়ার কথা থাকলেও কোন কোন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দেয়। সেক্ষেত্রে ঐ প্রকল্পের যান-যন্ত্রপাতি, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি হস্তান্তর হবে কি না এ বিষয়ে কিছুটা বিড়ম্বনার সৃষ্টি হয়। এ জন্য নির্ধারিত মেয়াদে প্রকল্প বাস্তবায়নের বিষয়ে প্রকল্প বাস্তবায়নকারী সকল দপ্তর সংস্থাকে সচেতন হওয়া প্রয়োজন।

১৩. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সচিব জনাব মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক জানান, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী আগামী ৩০ এপ্রিল ২০২২ তারিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ১০০% অনলাইনে প্রদান কার্যক্রমের উদ্বোধন করবেন।

১৪. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব ফরিদ আহম্মদ জানান, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রায় ৯০% হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স অনলাইনে প্রদানের কার্যক্রম সম্পন্ন হয়েছে। কবরস্থান ব্যবস্থাপনা ডিজিটালাইজেশনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আগামী জুন মাসের মধ্যে হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ১০০% অনলাইনসহ কবরস্থান ব্যবস্থাপনা ডিজিটালাইজেশনের কার্যক্রম সম্পন্ন হবে মর্মে তিনি জানান।

১৫. বরিশাল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ মোঃ ফারুক সভায় জানান, বরিশাল সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স প্রদান অনলাইনে সম্পন্ন করার লক্ষ্যে ইতোমধ্যে আইটি এক্সপার্ট নিয়োজিত করা হয়েছে। খুব শীঘ্রই এ কার্যক্রমগুলো অনলাইনে চালু করা হবে।

১৬. সিটি কর্পোরেশন উন্নয়ন সহায়তা নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জনাব নুমেরী জামান, যুগ্মসচিব (পলিসি সাপোর্ট) সভায় জানান, ইতোমধ্যে উন্নয়ন সহায়তা নির্দেশিকার খসড়া প্রস্তুত করা হয়েছে। খুব শীঘ্রই একটি সভা আয়োজনের মাধ্যমে নির্দেশিকাটি চূড়ান্ত করা হবে।

১৭. জনাব পলাশ কান্তি বালা, রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক এ পর্যন্ত মোট ১৯.৬৭ কোটি জন্ম নিবন্ধন করা হয়েছে। পক্ষান্তরে মৃত্যু নিবন্ধন ৪ কোটি লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত হয়েছে মাত্র ২০ লক্ষ। সর্বোপরি মোট লক্ষ্যমাত্রার মাত্র ২০% অর্জিত হয়েছে। অবশিষ্ট ৮০% লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রত্যন্ত অঞ্চলে মাঠ পর্যায়ে কমিটি গঠনের মাধ্যমে কাজ করতে হবে। এক্ষেত্রে সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতার প্রয়োজন হবে। এজন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন হতে একটি কর্মপরিকল্পনা প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হবে। এটি অনুমোদিত হলে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে মর্মে তিনি জানান।

০৫। **সভার সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। | নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানোর পর তাতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ (Confirm) করা হয়। | -- |
| ২। | খুলনা সিটি কর্পোরেশনের ১টি ওয়ার্ডে অনলাইনে হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স প্রদানের কার্যক্রম শুরু হয়েছে। পর্যায়েক্রমে সকল ওয়ার্ডে অনলাইনে হোল্ডিং ট্যাক্স ও ট্রেড লাইসেন্স প্রদান কার্যক্রম চালু করতে হবে। | খুলনা সিটি কর্পোরেশন |
| ৩। | রংপুর সিটি কর্পোরেশনে অনলাইনে হোল্ডিং ট্যাক্স প্রদান কার্যক্রম দ্রুত চালু করতে হবে | রংপুর সিটি কর্পোরেশন |
| ৪। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে কার্যক্রমসমূহের বিপরীতে কোন ধরণের Documentation/প্রমাণক প্রয়োজন, সে বিষয়ে দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে এপ্রিল/২০২২ মাসে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতে হবে। | প্রশাসন অধিশাখা<br>স্থানীয় সরকার বিভাগ |
| ৫। | স্থানীয় সরকার বিভাগসহ আওতাধীন সকল দপ্তর/সংস্থাকে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের PSC এবং PIC কমিটির সভা আয়োজন অব্যাহত রাখতে হবে। | (১) পরিকল্পনা অধিশাখা<br>(২) সকল দপ্তর/সংস্থা |
| ৬। | সকল দপ্তর/সংস্থাকে প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ/পূর্ত ও নির্মাণ কাজের চূড়ান্ত বিলের সাথে স্থিরচিত্র সংযোজন নিশ্চিত করতে হবে এবং প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক যথাসময়ে হস্তান্তর করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৭। | জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রতিবন্ধকতা দূরীকরণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে তাদের পরিকল্পনা দাখিল করবে। প্রস্তাব প্রাপ্তির পর স্থানীয় সরকার বিভাগ তা যাচাই-বাছাই করে অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) স্থানীয় সরকার বিভাগ<br>(২) জন্ম ও মৃত্যু নিবন্ধন |
| ৮। | সিটি কর্পোরেশন উন্নয়ন সহায়তা নীতিমালা/নির্দেশিকা প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | সিটি কর্পোরেশন-১ শাখা<br>স্থানীয় সরকার বিভাগ |

০৬। পরিশেষে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৪/০৪/২০২২ খ্রি:
(মরণ কুমার চক্রবর্তী)
অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
(সিনিয়র সচিবের রুটিন দায়িত্বে)

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭০.১৬.০০২.২২-৩৫৮

তারিখ: ২২ চৈত্র ১৪২৮ / ০৫ এপ্রিল ২০২২

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

**দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:**

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ/ গাজীপুর/ সিলেট সিটি কর্পোরেশন।
৩. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

অনুলিপি: জ্ঞাতার্থে/ কার্যার্থে

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি।

০৫/০৪/২০২২


(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ইমেইল: lgcc1@lgd.gov.bd